

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৩০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সফরে সালাত কসর করার বিষয়টি গ্রহণ করার নির্দেশ কেননা এটি আল্লাহর সাদাকাহ, যা তিনি তাঁর বান্দাকে দান করেছেন

ذِكْرُ الْأَمْرِ بِقَبُولِ قَصْرِ الصَّلَاةِ فِي الْأَسْفَارِ إِذْ هُوَ مِنْ صَدَقَةِ اللَّهِ الَّتِي تَصَدَّقَ بِهَا عَلَى عِبَادهِ عِبَادهِ

আরবী

2730 $= \frac{1}{1}$ $= \frac{1}{1$

বাংলা

২৭৩০. ইয়ালা বিন উমাইয়াহ রহিমাহুল্লাহ বলেন, "আমি উমার বিন খান্তাব রাদ্বিয়াল্লাহু আনহুকে লোকদের কসরের সালাত আদায় করা সম্পর্কে বলি। আল্লাহ তা'আলা বলেছেন, إِنْ حَفْتَم أَنْ تَقْصُرُوا مِنَ الصَّلَاةِ (তোমাদের উপর কোন দোষ নেই কসর করাতে, যদি তোমরা ভয় পাও যে কাফেররা তোমাদেরকে ফিতনায় ফেলে দিবে। –সূরা নিসা: ১০১), অথচ এই ভীতির অবসান ঘটেছে!" জবাবে উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আমিও সেটাতে অবাক হয়েছিলাম। অতঃপর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এই ব্যাপারে জিজ্ঞেস করলে তিনি জবাবে তিনি বলেন, "এটি দান। মহান আল্লাহ এটি তোমাদেরকে দান করেছেন। অতএব তোমরা আল্লাহর সাদাকাহকে গ্রহণ করো।"[1]



ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৬৮৬; নাসাঈ: ৩/১১৬-১১৭; মুসনাদ আহমাদ: ১/১২৫; ইবনু মাজাহ: ১০৬৫; সহীহ িইবনু খুযাইমাহ: ৯৪৫; তাবারী: ১০৩১১; সুনান বাইহাকী: ৩/১৩৪; তিরমিযী: ৩০৩৪; আবূ দাউদ: ১১৯৯; দারেমী: ১/৩৫৪; বাগাবী: ১০২৪; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৪১৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০৮৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইয়ালা ইবন উমাইয়া (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন